দৈনিক ইত্তেফাক

১৪

তারিখ 09 JAN 1998
পৃষ্ঠা ১ কলাম ৫

# খুলনা পলিটেকনিকে সংঘর্ষ ॥ বন্ধ ঘোষণা

খুলনা অফিস ॥ গতকাল বৃহস্পতিবার খুলনা পলিটেকনিক ইনষ্টিটিউটে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে এক সংঘর্ষে কমপক্ষে ১০জন

(১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## খুলনা পলিটেকনিকে

(১ম পৃঃ পর)

আহত হইয়াছে। আহতদের মধ্যে মিলন, আবদুল্লাহ, হায়দার, শরীফ ও জিয়া নামে ৫ জন ছাত্রকে খুলনা মেডিকেল কলেজ, হাসপাতালে ভর্তি করা হইয়াছে।

পুলিশ জানায়, উভয়দল নবাগত ছাত্রদের অভিনন্দন জানাইয়া একই সময় পৃথক মিছিল বাহির করে। এক পর্যায়ে উভয়দলের মধ্যে প্রথমে বচসা এবং পরে সংঘর্ষ হয়। এই ঘটনার পর কর্তৃপক্ষ নির্ধারিত রমজানের ছুটি ঘোষণা করিয়া ছাত্রদের ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দেয়।